



**ইন্টারনেটে ভুয়া কনটেন্ট, মিথ্যা কিংবা বিদ্বেষপূর্ণ প্রচারণা— যাচাই করার প্রথম ধাপটাই হলো, যে কোনো কনটেন্টকে কয়েকটি বিষয়ের মধ্যে দিয়ে পরীক্ষা করে দেখা।**


এই পরীক্ষাটি অবশ্যই আপনাকে খোলা মনে, কোনো বিষয়ে কোনো পক্ষপাতিত্ব বা বায়াস না রেখেই করতে হবে।

- **ভালো করে জানার চেষ্টা করুন, কনটেন্টের উৎসটাকে কি?**
  - » লিংকটা কি কাজ করে? এটা কি কোনো সোশ্যাল মিডিয়া প্রোফাইল না স্বতন্ত্র ওয়েবসাইট?
  - » এটা কি পরিচিত কোনো এড্রেস? ওয়েব URL হলে দেখে নিন এটার কি কোনো ডোমেইন নাম আছে নাকি নম্বর যুক্ত ডোমেইন? ডোমেইনে কোনো বানান ভুল আছে কিনা?
    - ডোমেইন টা অপরিচিত হলে, ডোমেইন whois সার্চ করে দেখা যেতে পারে সেই ডোমেইন কোথায় হোস্ট করা হয়েছে বা যে বা যেই কোম্পানি রেজিস্টার করেছে, তার নাম ঠিকানা কি?
    - দেখে নিন, সেই উৎসের বিস্তারিত তথ্য যেমন—
    - কারা সেটা চালায়? তাদের পরিচয়।
    - তাদের কি কোনো ঘোষিত উদ্দেশ্য আছে?
    - তাদের অতীত কর্মকান্ড কি?
    - তারা কি কোনো কিছু করতে যেমন শেয়ার, লাইক কিংবা বাস্তব জীবনে কোনো কিছুতে অংশগ্রহণ করতে অনুপ্রাণিত কিংবা প্ররোচিত করে?

- **গুগল এবং অন্যান্য সার্চ ইঞ্জিনে সার্চ দিয়ে দেখুন ওই কনটেন্ট সোর্স নিয়ে অন্যদের এবং সংবাদ মাধ্যমের কোনো রিপোর্ট বা মতামত আছে কিনা?**

- **ছবি কিংবা ভিডিও ব্যবহার করা হয়ে থাকলে তাহলে সেটা পরীক্ষা করে দেখুন। যদি সেটা শেয়ার করা কনটেন্ট হয়, তাহলে মূল সোর্সে গিয়ে দেখে নিন, ভিডিও বা ছবি'টা আসলে কোথা থেকে কৰে পোষ্ট করা হয়েছিলো এবং করা করেছিলো।**

  » ছবির উৎস জানতে হলে, ডাউনলোড করে রিভার্স সার্চ করতে পারেন। images.google.com এ গিয়ে ওই ছবি'টা আপলোড করলে বোঝা যাবে ছবিটা কথা থেকে এসেছে? এর জন্য আপনার নীচের ক্যামেরা আইকনে ক্লিক করতে হবে, তারপর 'upload an image' এ গিয়ে ছবিটা আপলোড করতে হবে। তাহলে সেই ছবিটা অন্য কোথাও ব্যবহৃত হয়েছে কিনা, সেই তথ্য চলে আসবে।




» যদি কোনো ইমেইল কিংবা সামাজিক মাধ্যমে অ্যাড বা লিংক কোনো অনলাইন ফর্মের মাধ্যমে সাবস্ক্রাইব করতে বলে এবং সেই ফর্ম যদি ব্যক্তিগত তথ্য (যেমন নাম, বয়স, ঠিকানা, ছবি, ফোন নম্বর, ইমেইল এড্রেস, আয়, ব্যাঙ্ক একাউন্ট নম্বর, পাসওয়ার্ড ইত্যাদি) দেবার জন্য বলে, তাহলে অতি সতর্কতা অবলম্বন করা উচিত।


- প্রথমেই দেখা উচিত, সেই ফর্ম কোনো ওয়েবসাইট থেকে হোস্ট করা হয়েছে? ডোমেইন নাম মিলিয়ে দেখুন।
- ফর্মটা কি কোনো সিকিউরড সার্ভারে বা url'র শুরুতে https:// আছে কিনা? লিংকে যদি শুধু http:// থাকে, তাহলে সেটা সিকিউরড সার্ভার নাও হতে পারে। ব্যক্তিগত তথ্য সিকিউরড নয় এমন সার্ভারে দেয়া নিরাপদ নয়।
- যদি একান্তই দিতে হয়, তাহলে যাচাই করে দেখুন ব্যক্তিগত তথ্য গুলো অপশনাল কিনা, তাহলে আপনি ঐগুলি বাদ দিয়ে ফর্ম ফিল আপ করে নিতে পারবেন।

- **পোস্টের স্থান, তারিখ, সময় ইত্যাদির সাথে ঘটনার স্থান, তারিখ, সময় মিলে কিনা তা যাচাই করে দেখুন। সামাজিক যোগাযোগ মাধ্যমে যে কোনো পোস্টে সময় এবং তারিখের স্ট্যাম্প থাকে। ওয়েবসাইটে বেশীরভাগ সময়ে ওয়েব পেজের উপরে কিংবা নীচে পোস্টের সময়, তারিখ দেয়া থাকে।**


যদি সেটা না পাওয়া যায়, তাহলে কয়েকটা টেকনিকাল উপায় আছে সেটা পরীক্ষা করে দেখার জন্য।

» একটি পদ্ধতি হলো ওয়েব আর্কাইভ ওয়েবসাইটে https://archive.org/web/ গিয়ে, যেই ওয়েবসাইট বিষয়ক তথ্য খুঁজছেন, তার URL দিয়ে সার্চ করা। তাহলে যে সময় গুলোতে ওয়েবসাইট আপডেট হয়েছে, তার একটা তালিকা ক্যালেন্ডার অনুযায়ী পাওয়া যাবে, এবং সেখানে লিংক ক্লিক করে দেখা যাবে।

» আরেকটি পদ্ধতি হলো, আপনি যে লিংক থেকে তথ্য পেয়েছেন, সেই লিংকটি কপি এন্ড পেস্ট করুন গুগল সার্চ বার এ।তারপর ওই লিংক'টির আগে inurl: টাইপ করে সার্চ করুন। যেমন প্রথম আলো পত্রিকার জন্য, আমি inurl:https://www.prothom- alo.com টাইপ করেছি।




এই সার্চ করার পর, আপনি দেখবেন উপরে গুগল এড্রেস বারে একটা লম্বা URL এসেছে। এইবার ওই এড্রেস্রের একদম শেষে গিয়ে &as_qdr=y15 টাইপ করে নিন এবং আবার সার্চ করুন।
https://www.google.com/search?q=inurl%3Ahttps%3A%2F%2Fwww.prothomalo.com&oq=inurl%3Ahttps%3A%2F%2Fwww.prothomalo.com&aqs=chrome..69i57j69i58.1582j0j4&sourceid=chrome&ie=UTF- 8&as_qdr=y15র পর etc.
নীচের লিংকটা থেকে আমরা দেখতে পারি, পত্রিকাটি কোন খবর কখন আপডেটেড হয়েছে।




» আরেকটি উপায় হলো, XML সাইটম্যাপ। অনেক জনপ্রিয় ওয়েবসাইটে XML সাইটম্যাপ থাকে, যেখান থেকে কোনো পোস্টের বা ওয়েবসাইট আপডেটের সময়, তারিখ জেনে নেওয়া যায়। সেই সাইট ম্যাপ দেখার জন্য, আপনাকে ওই ওয়েবসাইটের রুট URL এর শেষে sitemap.xml টাইপ করতে হবে। যেমন https://xyz.com/sitemap.xml. তাহলে বিভিন্ন পেজের আপডেটের সময়গুলো পাওয়া যাবে। বাংলা দৈনিক প্রথম আলো'র জন্য https://www.prothomalo.com/sitemap.xml টাইপ করে নীচের আপডেটের তারিখ এবং সময়ের তথ্য পাওয়া গেলো -

```
▼<sitemapindex xmlns="http://www.sitemaps.org/schemas/sitemap/0.9">
  ▼<sitemap>
     <loc>https://www.prothomalo.com/sitemap/sitemap-static-pages.xml</loc>
   </sitemap>
  ▼<sitemap>
     <loc>https://www.prothomalo.com/sitemap/sitemap-section.xml</loc>
   </sitemap>
  ▼<sitemap>
     <loc>https://www.prothomalo.com/sitemap/sitemap-daily-2022-02-02.xml</loc>
     <lastmod>2022-02-02T05:04:16.063Z</lastmod>
   </sitemap>
```

- **সামাজিক যোগাযোগ মাধ্যমে ছবি, ভিডিও ইত্যাদি শেয়ার করলে, সেগুলোর প্রাইভেসী সেটিংস পাবলিক মোডে না রেখে ফ্রেন্ডস অনলি মোডে কিংবা কাস্টমাইজ করে প্রয়োজনীয় অডিয়েন্সের জন্য রাখা নিরাপদ।**

